গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ধুনট, বগুড়া।
www.dss.dhunot.bogra.gov.bd

নম্বর- ৪১.০১.১০২৭.০০০.২০.০০১.২৪. ৬৪৪

তারিখঃ ০৪ ডিসেম্বর ২০২৪ খ্রি:
১৯ অগ্রহায়ন ১৪৩১ বঙ্গাব্দ

বিষয়: নিবন্ধিত সেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহে অনুদানের জন্য আবেদন আহ্বান প্রসঙ্গে।
সূত্র স্মারক: ৪১.০৩.০০০০.০০০.০৮১.৩২(৬).০০৭০.২২.১১৬২ তারিখ: ২১/১১/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০২৪-২৫ অর্থ বছরে নিবন্ধিত সেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনের অনুকূলে এককালীন আর্থিক অনুদান প্রদান করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত যোগ্যতা সম্পন্ন সমাজকল্যাণমূলক সংগঠনকে নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র জমাদানের জন্য অনুরোধ করা হলো।

| ক্র.ন. | প্রতিষ্ঠানের ধরণ | আবেদন দাখিলের স্থান | ফরম নম্বর | আবেদন ফি |
|---|---|---|---|---|
| ০১ | সেচ্ছাসেবী সংগঠনকে অনুদান (সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত) | সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয় | ফরম নম্বর-৩ | ১০০ (একশত) টাকা |
| ০২ | রোগীকল্যাণ সমিতিকে অনুদান | সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় | ফরম নম্বর-৪ | ১০০ (একশত) টাকা |

**আবেদন করার যোগ্যতা:**

সেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ ও সেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৬২ অনুযায়ী নিবন্ধিত, সক্রিয় এবং সমাজকল্যাণমূলক কাজে অবদান রাখছে এমন নিবন্ধিত সেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠন।

**আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

ক) নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;
খ) হালনাগাদ কার্যনির্বাহী কমিটির নামের তালিকা;
গ) চলমান ও বাস্তবায়িত কর্মসূচীর সংক্ষিপ্ত বিবরণ;
ঘ) বিধি অনুযায়ী সংগঠনের বিগত ০৩ (তিন) বছরের আয়-ব্যয়ের অডিট রিপোর্ট;
ঙ) বিগত অর্থ বছরের আয়কর বিবরণীর কপি (যদি থাকে);
চ) বাৎষরিক আর্থিক প্রতিবেদন/বাজেট বিবরণী;

**আবেদন জমাদানের শেষ তারিখ: ১২ ডিসেম্বর, ২০২৪ খ্রি.**

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। পরিষদের ওয়েবসাইট www.bnswc.gov.bd হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদন ফরমের ফটোকপি ব্যবহার করা যাবে। নির্ধারিত তারিখের পরে আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোনো আবেদন গ্রহন বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪/১২/২০২৪
মো: আব্দুল্লাহ আল কাফী
উপজেলা সমাজসেবা অফিসার
ধুনট, বগুড়া।
ফোন: +৮৮০২৫৮৯৯১০১১৫
e-mail: usso.dhunat@dss.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া।
২। অফিস নথি।